# (একই স্মারক ও তারিখে ২য় সংশোধিত)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## ২০২৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার  সময়সূচি

স্মারক নং-পনি/মাধ্য/১৪/১০১০ তারিখ : ২০-০২-২০২৫ খ্রি.

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০.০০ টা থেকে ০১:০০ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২.০০ টা থেকে ৫:০০ টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক) ১ম পত্র<br>২। সহজ বাংলা ১ম পত্র | ১০১<br>১০৩ | ১০-০৪-২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) ১ম পত্র | ১০৭ | ১৫-০৪-২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) ২য় পত্র | ১০৮ | ১৭-০৪-২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ২১-০৪-২০২৫<br>সোমবার | × | × |
| ১। ইসলাম ও নৈতিক শিক্ষা<br>২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৪। খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা | ১১১<br>১১২<br>১১৩<br>১১৪ | ২২-০৪-২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১৫৪ | ২৩-০৪-২০২৫<br>বুধবার | × | × |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)<br>৩। সঙ্গীত (তত্ত্বীয়)<br>৪। আরবি<br>৫। সংস্কৃত<br>৬। পালি<br>৭। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)<br>৮। চারু ও কারুকলা (তত্ত্বীয়) | ১৫১<br>১৩৪<br>১৪৯<br>১২১<br>১২৩<br>১২৪<br>১৩৩<br>১৪৮ | ২৪-০৪ -২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ২৭-০৪-২০২৫<br>রবিবার | × | × |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ২৯-০৪-২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ৩০-০৪-২০২৫<br>বুধবার | × | × |
| ১। উচ্চতর গণিত (তত্ত্বীয়)<br>২। বিজ্ঞান | ১২৬<br>১২৭ | ০৪-০৫-২০২৫<br>রবিবার | × | × |
| ১। জীববিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ০৬-০৫-২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। হিসাব বিজ্ঞান | ১৪৬ | ০৭-০৫-২০২৫<br>বুধবার | × | × |
| ১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ১৫০ | ০৮-০৫-২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। বাংলা (আবশ্যিক) ২য় পত্র<br>২। সহজ বাংলা ২য় পত্র | ১০২<br>১০৪ | ১৩-০৫-২০২৫<br>মঙ্গলবার | × | × |

অপর পতায়-

## ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

| বিষয়, বিষয় কোড | তারিখ ও দিন | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| সঙ্গীত (১৪৯) সহ সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১৫-০৫-২০২৫ তারিখ হতে ২২-০৫-২০২৫ তারিখ পর্যন্ত। (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে) এবং ২৫-০৫-২০২৫ তারিখের মধ্যে ব্যবহারিক নম্বর অনলাইনে ফাইনাল সাবমিট করে প্রিন্ট করা নম্বরফর্দের কপি এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে পরীক্ষা শুরু হবে | স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্র/ভেন্যুতে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে) | ১। সঙ্গীত বিষয়ের সঙ্গীত অংশের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীকে প্রবেশপত্র, নিবন্ধনপত্র, বাদ্যযন্ত্র, তবলাবাদক ও সনাক্তকারী শিক্ষকসহ নিজ খরচে নির্ধারিত তারিখে সকাল ০৯:৩০ মিনিটের মধ্যে কেন্দ্রে উপস্থিত হতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য শুধু ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। |

### বিশেষ নির্দেশাবলি

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
৫। শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (বিষয় কোড : ১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (বিষয় কোড : ১৪৫) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।
৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা **(সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক)** নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। **প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।**
১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না।
১২। **সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে**।
১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
১৪। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

২০-০২-২০২৫

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd